গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mor.gov.bd

বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. মোঃ খালেদ হোসেন, যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার রেলপথ মন্ত্রণালয়
তারিখ	:	২৯ জুন ২০২১
সময়	:	দুপুর ১২:০০ টা
স্থান	:	রেলভবনস্থ ৫ম তলা (কক্ষ নং-৫২১)
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় । অতঃপর সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন টিমের সদস্য সচিবকে অনুরোধ করা হলে ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা (২০২০-২০২১) অনুসরণে করণীয় কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য এ সভা আহবান করা হয়েছে। সভায় বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার অগ্রগতির ওপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়ঃ

কর্মপরিকল্পনার ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
৯.১	রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ৯.১ অনুযায়ী উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদান করার কার্যক্রম রয়েছে।	আগামী ৩০ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিতব্য ইনোভেশন সমন্বয় সভায় শ্রেষ্ঠ উদ্ভাবক-কে উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদান করার উদ্যোগ গ্রহণ করা হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।
১৩.২	রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১৩.২ অনুযায়ী ২০২০-২১ অর্থবছরে আওতাধীন সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের সাথে ০৩ (তিন) টি সভা আয়োজন করার কার্যক্রম রয়েছে এবং ইতোমধ্যে ০২ (দুই) টি সভা অনুষ্ঠিত হয়েছে।	আগামী ৩০ জুন ২০২১ তারিখ বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিমের সাথে তৃতীয় সভা আয়োজন করার উদ্যোগ গ্রহণ করা হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।

১৫.৩	রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১৫ .৩ অনুযায়ী উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ১৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে প্রস্তুত করার কার্যক্রম রয়েছে।	আগামী ১৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করার উদ্যোগ গ্রহণ করা হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।
১৫.৪	রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১৫ .৪ অনুযায়ী উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ২০ জুলাই ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার কার্যক্রম রয়েছে।	আগামী ২০ জুলাই ২০২১ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ড. মোঃ খালেদ হোসেন)
যুগ্মসচিব
ও
চীফ ইনোভেশন অফিসার
রেলপথ মন্ত্রণালয়।